এ রায়ের বিরুদ্ধে এখনো আপিল

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

www.dwa.gov.bd

তারিখ: ২১/০১/২০২৫ খ্রি:

স্মারক নং-৩২.০১.০০০০.০০৮.১১.২১৯.২২ (অংশ-০১)-০২

# বিজ্ঞপ্তি

**'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের** আওতায় ২০২৫-২০২৬ চক্রে সুবিধাভোগীর উন্নয়ন প্যাকেজ সেবা প্রদানের জন্য জাতীয়/আঞ্চলিক/স্থানীয় লিডিং বেসরকারী সংস্থার (এনজিও) নিকট হতে প্রস্তাবনা আহবান:

**১. আবেদনের আবশ্যকীয় শর্তাবলী:**

১.১ এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত হালনাগাদ সনদ থাকতে হবে।

১.২ মহিলা বিষয়ক অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সর্বশেষ নবায়নকৃত সনদ থাকতে হবে।

১.৩ যে জেলায় সংশ্লিষ্ট এনজিও'র সার্বিক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে সে জেলার জেলা প্রশাসক এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক কর্তৃক ২০২৪ সালের হালনাগাদ প্রত্যয়নপত্রের মূল কপি আলাদাভাবে আবেদনের সাথে দাখিল করতে হবে।

১.৪ সর্বশেষ ৩ বছরের হালনাগাদ নিরীক্ষা প্রতিবেদন থাকতে হবে।

১.৫ সংস্থার ঋণদানযোগ্য তহবিল সর্বনিম্ন ২০ (বিশ) লক্ষ টাকার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক শাখা প্রধানের প্রত্যয়ন থাকতে হবে (সর্বোচ্চ ২টি একাউন্ট গ্রহণযোগ্য) এবং সংস্থার বাৎসরিক লেনদেনের (Bank Turnover) হিসাব বিবরনী (২০২৩-২০২৪ অর্থবছরের ব্যাংক স্টেটমেন্টসহ) দাখিল করতে হবে। এক্ষেত্রে এফডিআর গ্রহণযোগ্য নয়।

১.৬ জামানত (ফেরতযোগ্য, নির্বাচিত এবং অনির্বাচিত এনজিও নির্বাচন শেষে জামানত ফেরত পাবে) হিসেবে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে ১(এক) লক্ষ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনের সাথে জমা দিতে হবে।

১.৭ পিকেএসএফ ও বাংলাদেশ ব্যাংক হতে ঋণ গ্রহণকারী সংস্থা ঋণখেলাপী হলে সে সব সংস্থার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১.৮ আবেদনকৃত এনজিও'র বিরুদ্ধে যে কোন অভিযোগ প্রমানিত হলে ও নেতিবাচক পারফরমেন্স থাকলে নির্বাচনের অযোগ্য বলে বিবেচিত হবে।

১.৯ সংস্থার কার্যকরী কমিটির মেয়াদ হালনাগাদ থাকতে হবে।

১.১০ আবেদনের সাথে সংযুক্ত সকল সনদের ফটোকপিসমূহ সরকারের ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তার নামাংকিত সিলসহ সত্যায়িত হতে হবে।

১.১১ মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০ বরাবর (কোড নং ১-৩০২১-০০০০-২৩৬৬) ৩,০০০/- (তিন হাজার) টাকা সোনালী ব্যাংক লিঃ এ জমাকৃত চালান এর কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১.১২ সংস্থার সংশ্লিষ্ট জেলায় নারী উন্নয়নমূলক ০৩ (তিন) কার্যক্রমের বিবরণী এবং উক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য নিয়োগকৃত জনবলের তালিকা (নিয়োগপত্র, জাতীয় পরিচয়পত্র ও সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১.১৩ সংস্থার প্রধান কার্যালয় স্থায়ী/নিজস্ব ভবন কিনা সে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১.১৪ MRA (মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি) সনদ দাখিলকারী এনজিও অগ্রাধিকার পাবে।

১.১৫ উপরোক্ত শর্তাবলীর যে কোন একটির ব্যত্যয় হলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

**২. আবেদন করার নিয়মাবলী:**

২.১ বেসরকারী সংস্থা (জাতীয়/আঞ্চলিক/স্থানীয়) www.dwa.gov.bd ওয়েবসাইট হতে আবেদন ফরম সংগ্রহপূর্বক তা পূরণ করে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে (২২/০১/২০২৫ হতে ১৮/০২/২০২৫ তারিখ পর্যন্ত) ২৮ (আটাশ) দিনের মধ্যে পূর্ণাঙ্গ প্রস্তাব মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা (ভিডব্লিউবি শাখা, ৫ম তলা) বরাবর অফিস চলাকালীন সময়ে (৯:০০ টা-৫:০০ টা) জমা দিতে হবে। যে জেলায় কাজ করতে আগ্রহী প্রস্তাবে সে জেলার নাম উল্লেখ করতে হবে।

২.২ চুক্তি সম্পাদনের সময় কার্যাদেশপ্রাপ্ত প্রতিটি এনজিওকে প্রাপ্ত কার্ড সংখ্যা ও ২ বছরের মোট সার্ভিস চার্জের ভিত্তিতে ৩% পারফরমেন্স সিকিউরিটি (চক্র শেষে ফেরতযোগ্য) হিসেবে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।

২.৩ প্রতি উপকারভোগীর প্রশিক্ষণ বাবদ বাৎসরিক ৪২৫/- হারে সার্ভিস চার্জ প্রদান করা হবে। চার (০৪) কিস্তিতে এই সার্ভিস চার্জ প্রদেয় হবে। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক এনজিও কার্যক্রমের উপর সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তিসাপেক্ষে সার্ভিস চার্জ পরিশোধ করা হবে।

২.৪ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট নয় এমন অতিরিক্ত কাগজপত্র দেয়া থেকে বিরত থাকতে হবে।

২.৫ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২.৬ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২.৭ সংশ্লিষ্ট বিষয়ে জানার জন্য ভিডব্লিউবি শাখা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকার সাথে যোগাযোগ করা যেতে পারে (নম্বর-৫৮৩১০৬২৯, ৪৮৩১২২৭৭)।

শারমীন
২১/০১/২৫
(শারমিন শাহীন)
উপপরিচালক (ভিডব্লিউবি)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

স-১২৬ (৯×৪)